

আমরা যীশুর বাধ্য

শিশুদের যীশুর বাধ্য অনুসরণকারী হওয়ার শিক্ষা দিন

প্রার্থনা : “স্বর্গীয় পিতা, অনুগ্রহ করে শিশুদের যীশুকে ভালবাসতে এবং তাঁর বাধ্য হতে এই অধ্যায়টি ব্যবহার কর। যীশুর নামে এই প্রার্থনা চাই, আমেন।”


শিশুদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে সাযুয্যপূর্ণ শিক্ষণের কার্যকলাপগুলো পছন্দ করুন।

বড় শিশুদের অথবা শিক্ষককে মথি ৭ঃ২৮-২৯ পদে উল্লেখিত বুদ্ধিমান এবং মূর্খ নির্মাণকারীর গল্পটি পাঠ করতে বলুন।

শিশুদের জিজ্ঞাসা করুন দুজন লোক যখন যীশুর শিক্ষার ভিন্নভাবে সাড়া দান করেছিল, তখন তাদের কি ঘটেছিল।

প্রশ্ন জিজ্ঞাসা করুন। প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।

- কোন লোকেরা বুদ্ধিমান নির্মাণকারীর মত? (২৪ পদ দেখুন)
- যীশুর বাক্যের প্রতি আমাদের কিভাবে সাড়া দেওয়া উচিত? (২৪ পদ দেখুন আমাদের যা করা উচিত বলে যীশু বলেছেন, তা আমাদের অনুশীলন করা উচিত)
- কোন লোকেরা মূর্খ নির্মাণকারীর মত? (২৬ পদ দেখুন)
- মূর্খ লোকটির ঘর কি কারণে পতিত হয়েছিল? (২৭ পদ দেখুন)
- যীশু যেভাবে শিক্ষা দিতেন তাতে জনতা আশ্চর্য হয়ে যেত কেন? (২৮-২৯ পদ দেখুন। যীশু কর্তৃত্বের সঙ্গে শিক্ষা দিতেন।)



যে লোকটি বালির উপর গৃহ নির্মাণ করেছিলেন

মুখি ৭ঃ২৪-২৯ পদের দুই নির্মাণকারীর গল্পটি নাটকে পরিণত করুন। শিশুদের এই নাটকটি তৈরী করানোর জন্য আপনার সময় ব্যবহার করুন।

বড় শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের এই অংশটি অভিনয় করতে হবে।

- বর্ণনাকারীঃ গল্পটিকে সংক্ষিপ্ত করুন এবং শিশুদের তাদের লাইনগুলো মনে রাখতে সাহায্য করুন।
- যীশু

ছোট শিশুদের এই অংশগুলোতে অভিনয় করতে হবেঃ

- বুদ্ধিমান নির্মাণকারী (পাথর অথবা ইট আছে)
- মূর্খ নির্মাণকারী (বাড়ীর তৈরীর জন্য পাথর বা ইট থাকবে)
- ঝড় (বিভিন্ন শিশুরা থাকবে)

বর্ণনাকারীঃ ২৪-২৫ পদ থেকে গল্পের প্রথম অংশটি বলবেন। তারপর বলবেন “শুনুন, যীশু কি বলছেন।”

যীশুঃ “আমি যা বলি তুমি যদি তাই অনুশীলন কর, তবে তুমি সেই বুদ্ধিমান নির্মাণকারীর মত হবে।”

বুদ্ধিমান নির্মাণকারীঃ একটার ওপর একটা ইট সাজিয়ে বাড়ির গাঁথনি তৈরী করবে। তারপর বলবে, “আমি পাষাণের উপর নির্মাণ করেছি। আমি যীশুর বাধ্য হয়েছি।”

ঝড়ঃ বাড়ীর উপর দিয়ে বইছে। (তাকে ঠেলে ফেলতে পারছেন না)।

বর্ণনাকারীঃ ২৫-২৯ পদ থেকে গল্পের দ্বিতীয় অংশটা বলবে। তারপর বলবে “শুনুন যীশু কি বলছেন।”

যীশুঃ “আমি যা বলছি তুমি যদি কেবলমাত্র শোন, তবে তুমি এই মূর্খ নির্মাতার মত হবে।”

মূর্খ নির্মাণকারীঃ ঘরের অন্যদিকে চলে গেল। বাড়ীর ব্লকগুলোকে সাজাতে লাগল। তারপর বলল “আমি শুধু যীশুর কথা শুনেছি। আমি বালির উপর ঘর তৈরী করছি। ইহা নির্মাণ করা খুব সহজ”।

ঝড়ঃ ব্লকগুলো ঠেলে ফেলে দেবে। বলবে, “কি মজা! যীশু আশা করেছেন লোকে তার বাধ্য হবে! অন্য শিক্ষকেরা আশা করেন লোকেরা শুধু তাদের কথা শুনবে।”

বর্ণনাকারীঃ এই নাটকটি মঞ্চস্থ করতে যারা সাহায্য করেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ।

শিশুরা যদি বড়দের জন্য নাটকটি করে থাকেন, তবে তাদের উপরে উল্লেখিত প্রশ্নগুলো বড়দের জিজ্ঞাসা করতে দিন।

শিশুদের জিজ্ঞাসা করুনঃ যীশু আমাদের কি কি বিষয় আদেশ করেছেন যা আমাদের পালন করা উচিত? (শিশুদের উত্তর দিতে দিন।)



পাষণের উপর নির্মিত গৃহ

বড় শিশুদের গান, গল্প অথবা কবিতা লিখতে দিন অথবা যীশু যা বলেছিলেন, “তোমরা যদি আমাকে প্রেম কর, তবে আমার আজ্ঞা সকল পালন করিবে,” (যোহন ১৪ঃ১৫)।

এই বিষয়টি ব্যাখ্যা করে তাদের একটি ছবি আঁকতে দিন।

পাষণের উপর একটি গৃহ অঙ্কন করুন। শিশুদের ইহা নকল করতে দিন।

- বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন।
- পরবর্তী আরাধনার সময় শিশুদের ছবিগুলো দেখাতে দিন এবং ব্যাখ্যা করতে বলুন যে এই ছবিগুলো বর্ণনা করে যে কিভাবে যীশুর কথা অনুসারে কাজ করতে হবে। বিশ্বাসীদের অবশ্যই শুধু শুনলে হবে না; তিনি যা বলেছিলেন, তা তাদের অবশ্যই করতে হবে।

লুক ১১ঃ২৮ পদটা মুখস্থ করুন।

কবিতা ৪ চারজন শিশুর প্রত্যেককে গীত ১৮ঃ২,৭,১৫ এবং ১৬ পদ গুলো একটি করে আবৃত্তি করতে দিন। বড়দের জন্যেও তাদের এই পদগুলো মুখস্থ করতে দিন।

প্রার্থনা ৪ “প্রভু, আমরা তোমার কথা শুনতে ভালবাসি। আমরা তোমার কথা অনুযায়ী কাজও করতে যাই। আমরা বুদ্ধিমান নির্মাকর্তার মত হতে চাই এবং আমাদের জীবন তোমার উপর অর্থাৎ আমাদের কঠিন পাষণের উপর নির্মাণ করতে চাই। ধন্যবাদ তোমাকে যীশু, কারণ তুমি আমাদের অনন্ত জীবন দিয়েছ যা কোন বাড় বা কোন কষ্ট আমাদের কাছ থেকে নিয়ে নিতে পারে না।”

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net